স্বামী কারাগারে থাকার সুযোগে পুকুরে বিষ দিল দূবৃর্ত্তরা

স্বামী রয়েছেন জেলে। এ সুযোগেই প্রতিপক্ষ দূর্বত্তরা তাদের একটি মৎস পুকুরে বিষ টোপ দিয়ে প্রায় লক্ষাধিক টাকার মাছ বিনষ্ট করেছে। বুধবার ভোরে ঝিনাইদহের কালীগঞ্জে উপজেলার বাবরা গ্রামে মৎসচাষী ওসমান বিশ্বাসের পুকুরে ওই মাছ বিনষ্টের ঘটনাটি ঘটে।

এ ঘটনায় ক্ষতিগ্রস্ত মৎস চাষী ওসমান বিশ্বাসের স্ত্রী সন্দেহজনক ৫ জনের নাম উল্লেখ করে কালীগঞ্জ থানাতে একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন।

অভিযোগকারী উপজেলা বাবরা গ্রামের হাজেরা বেগম জানান, বলিদাপাড়া গ্রামের নাসিম বিশ্বাসের বাবরা গ্রামের মসজিদ সংলগ্ন ৪ বিঘার একটি মৎস পুকুর লীজ নিয়ে তার স্বামী মাছ চাষ করছেন। বৃহস্পতিবার সকাল ৬ টার ওই পুকুরে মাছ মরে ভাসতে দেখে দিকে মসজিদের ইমাম রকিব হোসেন তাদেরকে খবর দেন। এ সময় তারা পুকুরে এসে দেখেন, বিষটোপ দিয়ে তাদের পুকুরের প্রায় লক্ষাধিক টাকার মাছ মেরে বিনষ্ট করা হয়েছে।

ওসমানের স্ত্রী আরো জানান, গ্রামের দলাদলিতে একটি মামলায় তার স্বামী ওসমান বর্তমানে জেলে রয়েছেন। এ সুযোগে তাদের প্রতিপক্ষ একই গ্রামের বিল্লাল, জিহাদ, জামির, আশরাফুল ও হাসান নামে ৫ যুবক ওই পুকুরে বিষ দিতে পারে। কারন ঘটনার আগের দিন রাতের বেলা ওই যুবকদের তারা পুকুরের আশে পাশে ঘোরাফেরা করতে দেখেছেন।

এ বিষয়ে কালীগঞ্জ থানার অফিসার্স ইনচার্জ মাহফুজুর রহমান মিয়া জানান, মৎস পুকুরে মাছ বিনষ্টের ঘটনায় একটি অভিযোগ পেয়েছি। তদন্তপূর্বক দ্রুত ব্যবস্থা নিবেন বলে জানান।

ঝিনাইদহের ঘোড়শাল ইউনিয়ন পরিষদে উন্মুক্ত বাজেট ঘোষণা

ঝিনাইদহ সদর উপজেলার ১৪নং ঘোড়শাল ইউনিয়ন পরিষদের ২০২১-২০২২ অর্থবছরের ৮৭ লক্ষ ০৯ হাজার ৭শত ৪৫ টাকা উন্মুক্ত বাজেট ঘোষনা করা হয়েছে। নতুন কোন করারোপ ছাড়াই এ বাজেট ঘোষনা করা হয়। বৃহস্পতিবার দুপুরে ইউনিয়ন পরিষদ সম্মেলন কক্ষে বাজেট ঘোষনা করেন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ পারভেজ মাসুদ লিল্টন।

ঘোড়শাল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ পারভেজ মাসুদ লিল্টনের সভাপতিত্বে বাজেট অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি নিত্য গোপাল সিকদার, সাধারন সম্পাদক রনজিত কুমার বিশ্বাস, ইউনিয়ন পরিষদের সচিব প্রতাপ বিশ্বাস, সাবেক সচিব কামরুজ্জামান, হিসাব সহকারী হালিমাতুজ্জোহরা, প্যানেল চেয়ারম্যান মোঃ কটন বিশ্বাস, ইউনিয়ন পরিষদ সদস্যবৃন্দ,শিক্ষক, সাংবাদিকসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

বাজেট সভা শেষে বিশ্বমহামারি করোনা ভাইরাস রোধে বিভিন্ন দিক নির্দেশনামুলক বক্তব্য প্রদান করেন চেয়ারম্যান মোঃ পারভেজ মাসুদ লিল্টন।

ঝিনাইদহে ঝড়ে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে নগদ অর্থ প্রদান

ঝিনাইদহে হঠাৎ ঝড়ে ক্ষতিগ্রস্থ ৯৪ টি পরিবারের মাঝে নগদ অর্থ সহায়তা প্রদাণ করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে সদর উপজেলার আড়মুখী গ্রামের ক্ষতিগ্রস্থ ওইসব পরিবারের মাঝে এ সহায়তা প্রদাণ করেন ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার।

এসময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মজিবর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা, সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ,

উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, নলডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান কবীর হোসেনসহ অন্যান্যরা।

জেলা প্রশাসক জানান, গত মঙ্গলবার বিকেলে হঠাৎ ঝড়ে সদর উপজেলার আড়মুখী গ্রামে শতাধিক বাড়িঘর লন্ডভন্ড হয়ে যায়। উপড়ে যায় শত শত গাছপালা। ক্ষতিগ্রস্থ ওসব পরিবারের মাঝে সরকারের দেওয়া ত্রাণ সহযোগিতা বিতরণ করা হয়েছে। ক্ষতিগ্রস্থ প্রত্যেক পরিবারকে ৫ হাজার টাকা করে দেওয়া হয়েছে। এর আগে তাদের শুকনা খাবার দেওয়া হয়েছে।

কোটচাঁদপুরে ইউপি চেয়ারম্যানের উপর সন্ত্রাসী হামলার প্রতিবাদে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার বলুহর ইউনিয়নের চেয়ারম্যান ও সিনিয়র আ.লীগ নেতা আব্দুল মতিনের উপর সন্ত্রাসী হামলার প্রতিবাদ এবং মূল হোতাদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিকালে বলুহর ইউনিয়ন বাসীর আয়োজনে স্থানীয় মেইন বাসষ্টান্ড মহাসড়কে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, পৌর যুবলীগ সভাপতি মেহেদী হাসান বুলবুল, পৌরসভার ৩ নং প্যানেল মেয়র শারমিন আক্তার সাথী, সাবেক উপজেলা ছাত্রলীগের সভাপতি শেখ শাহিন, উপজেলা যুবলীগের যুগ্ন-আহ্বায়ক আশরাফুল আলম খোকন, যুগ্ন-আহ্বায়ক আযম বিশ্বাস, এ্যাড.আশরাফুল ইসলাম মালিতা, ইউপি সদস্য বিএম নাসির উদ্দীন, যুবলীগ নেতা মঈন উদ্দীন শেখ হেকিম প্রমূখ।
বক্তারা ইউপি চেয়ারম্যান ও আ.লীগ নেতা আব্দুল মতিনের উপর সন্ত্রাসী হামলায় জড়িতদের দ্রুত গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন। এসময় চেয়ারম্যান আব্দুল মতিনের পরিবারের

সদস্যরা সহ বলুহর ইউনিয়নের নানা শ্রেণী-পেশার মানুষ উপস্থিত ছিলেন।
প্রসঙ্গত, গত ২৪ মে সোমবার উপজেলা আ.লীগের সহ-সভাপতি লুৎফর রহমানের ছেলে জাকির হাসান লিমন ও তার সহযোগীরা দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে মেইন বাসষ্টান্ড এলাকায় চেয়ারম্যান আব্দুল মতিনের উপর হামলা চালিয়ে এলোপাতাড়ি হাতুড়ী দিয়ে পিটিয়ে আহত করে। এঘটনায় চেয়ারম্যান ও তার ছেলে হৃদয় হাসান গুরতর হয়। পরে চেয়ারম্যানের অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য তাকে ঢাকায় নেওয়া হয়।

কোটচাঁদপুরে সেচ্ছাসেবক লীগ নেতার হামলায় ইউপি চেয়ারম্যানসহ আহত-৩ আটক-২

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা আ.লীগ নেতা ও ইউপি চেয়ারম্যান আব্দুল মতিনকে হাতুড়ি পেটা করে গুরতর আহত করেছে স্থানীয় উপজেলা সেচ্ছাসেবকলীগের যুগ্ন-আহ্বায়ক জাকির হাসান লিমন ও তার সহযোগীরা। এঘটনায় চেয়ারম্যানের ছেলে সহ ৩জন আহত হয়েছে। স্থানীয়রা তাদের উদ্ধার করে প্রথমে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। পরে চেয়ারম্যানের অবস্থার অবনতি হওয়ায় তাকে যশোর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে। এঘটনায় পুলিশ অভিযান চালিয়ে লিমন হোসেন ও জাহাঙ্গীর আলম নামে দুইজনকে আটক করে। সোমবার দুপুরে শহরের মেইন বাসষ্টান্ড এলাকায় এ ঘটনা ঘটে।

জানাযায়, বলুহর ইউপি চেয়ারম্যান আব্দুল মতিন সম্প্রতি গ্রামের একটি হেরিং রাস্তার কাজ শুরু করে। ওই রাস্তার ছবি উঠিয়ে উপজেলা সেচ্ছাসেবকলীগের যুগ্ন আহবায়ক লিমন তার ফেসবুক আইডিতে অশালীন মন্তব্য করে। সেটি দেখার পর বলুহর বাসষ্ট্যান্ডে চেয়ারম্যানের ছেলে হৃদয় আহম্মেদের সাথে লিমনের বাকবিতন্ডা হয়। এসময় লিমন তার সহযোগী জাহাঙ্গীর আলম ও তার দলবল নিয়ে দেশীয় অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে মেইন বাসষ্টান্ড এলাকায় চেয়ারম্যানের ছেলে হৃদয়

হোসেনের উপর অতর্কিত হামলা চালিয়ে হৃদয়কে পিটিয়ে আহত করে। দাপ্তরিক কাজে ব্যস্ত থাকা চেয়ারম্যান আব্দুল মতিন খবর পেয়ে ঘটনাস্থলে গেলে তারা চেয়ারম্যানের উপর হামলা চালিয়ে এলোপাতাড়ি হাতুড়ি পেটা করে চেয়ারম্যান মতিনের মাথা ফাটিয়ে দেয়। এসময় চেয়ারম্যানের লোকজন জাহাঙ্গীর নামে লিমনের এক সহযোগীকে পিটিয়ে আহত করে। এঘটনায় উভয় পক্ষে ৩জন আহত হয়। স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর হাসপাতালে ভর্তি করে। প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর জাহাঙ্গীর আলমকে পুলিশ আটক করে থানায় নিয়ে যায়। ঘটনার বিষয়ে নিশ্চিত করেছেন কোটচাঁদপুর থানার ওসি মঈন উদ্দীন। ওসি জানান, চেয়ারম্যানের উপর হামলার ঘটনায় মামলা প্রস্তুতি চলছে। জিজ্ঞাসাবাদের জন্য দুজনকে আটক করা হয়েছে। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে।
এবিষয়ে সাবেক এমপি নবী নেওয়াজ অভিযোগ করে জানান,আধিপত্য বিস্তার করাকে কেন্দ্র করে এমপি শফিকুল আজম খাঁন চঞ্চলের নির্দেশেই এঘটনা ঘটানো হয়েছে। এব্যাপারে এমপি চঞ্চল জানান,আমি কাউকে নির্দেশ দেয়নি। লিমনের পিতা লুৎফর রহমান উপজেলা আওয়ামীলীগের সহ-সভাপতি। যারা মারধোর করেছে তারা আ.লীগ করে। তারা আমার লোক বা আমার নির্দেশে মারধোর করবে কেন। এটা মিথ্যা প্রচার করা হচ্ছে। এদিকে চেয়ারম্যানের উপর হামলার ঘটনায় নিন্দা জানিয়েছেন উপজেলা আ.লীগের সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খান,নওশের আলী নাসির সহ স্থানীয় আ.লীগ নেতারা।

কোটচাঁদপুরে পুকুরে বিষ প্রয়োগে মাছ নিধনের অভিযোগ সেই বাকেরের বিরুদ্ধে

ঝিনাইদহের কোটচাঁদপুরে পূর্বশত্রুতার জেরে পুকুরে বিষ প্রয়োগে মাছ নিধনের অভিযোগ উঠেছে উপজেলার দোড়া ইউনিয়নের গরশুতি গ্রামের

বিদেশ ফেরত সেই বাকেরের বিরুদ্ধে। রবিবার দিবাগত রাতে উপজেলার দোড়া ইউনিয়নের গরশুতি গ্রামের মৃত আয়ুব আলী খানের ছেলে হোসেন আলীর পুকুরে এ ঘটনা ঘটে। এঘটনায় ৩০/৪০ হাজার টাকার মাছ ক্ষতিসাধন হয়েছে বলে জানায় ভুক্তভোগী। ঘটনার সুষ্ট বিচার চেয়ে আদালতে মামলা করবেন বলে জানান তিনি।

ভুক্তভোগী হোসেন আলী জানান, গত এক মাস পূর্বে আমার নিজ নামীয় ১ বিঘা জমিতে থাকা পুরাতন পুকুর পূনঃরায় সংস্কার করি। এর মধ্যে পুকুর সংস্কারে বাধা হয়ে দাড়ায় একই এলাকার বিদেশ ফেরত বাকের আলী। পুলিশি হয়রানী সহ বিভিন্ন প্রকার ভয়-ভীতি এমনকি আমাকে প্রাণ নাশের হুমকি দেয়। এরমধ্যে গতএক সপ্তাহ পূর্বে ওই পুকুরে নতুন করে বিভিন্ন প্রজাতির চাষকৃত মাছ অবমুক্ত করা হয়। রবিবার সকালে পুকুরে যেয়ে দেখতে পায় মাছ মরে পানিতে ভাষছে। শত্রুতা করে রাতে আমার পুকুরে বিষ প্রয়োগ করে বাকের ও তার ভায়েরা এই মাছ মেরেছে। তিনি জানান, বিষ প্রয়োগ ছাড়া পুকুরের সব মাছ এক সাথে মরতে পারে না।

এদিকে অভিযুক্ত বাকের আলী জানান, কখন কিভাবে পুকুর কেটে মাছ ছাড়ছে এবিষয়ে আমি কিছুই জানিনা। এব্যাপারে কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন জানান, মাছ মারার বিষয়ে কোন অভিযোগ পায়নি। লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে।

কোটচাঁদপুরে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ পানের বরজ পরিদর্শনে এমপি চঞ্চল

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার জালালপুর গ্রামে শুক্রবার সকালে পাশাপাশি বেশ কয়েকটি পানের বরজে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। অগ্নিকান্ডে বেশ কয়েকটি পানের বরজ ক্ষতি গ্রস্থ হয়। এতে কয়েক লক্ষ টাকার পান পুড়ে ছায় হয়ে যায়।

রবিবার বিকালে ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যডঃ শফিকুল আজম খানঁ

চঞ্চল জালালপুর গ্রামে ঘটনাস্থলে যেয়ে ক্ষতিগ্রস্থ পানের বরজ গুলি পরিদর্শন করেন এবং বরজ মালিকদের সাথে কথা বলেন। এসময় তিনি ক্ষতিগ্রস্থ বরজ মালিকদের পাশে থাকার আশ^◌াস দিয়ে বলেন তাদের জন্য সব কিছু করা হবে।

এ সময়তাঁর সাথে ছিলেন, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শাহজাহান আলী, সহ-সভাপতি নূরুল ইসলাম বাবলু, অধ্যাপক ফারজেল হোসেন, রবিউল ইসলাম ও সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম প্রমূখ।

ঝিনাইদহে মাদ্রাসার শিক্ষকদের মাঝে আর্থিক অনুদান বিতরণ

ঝিনাইদহে করোনায় ক্ষতিগ্রস্থ দারুল আরকাম মাদ্রাসার শিক্ষকদের মাঝে প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল থেকে পাঠানো ৬ লাখ টাকার আর্থিক অনুদান বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসক মজিবর রহমান এই অর্থ বিতরণ করেন।

এ সময় ঝিনাইদহ পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু, ঝিনাইদহ ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক আব্দুল হামিদ খান, ভূটিয়ারগাতি মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা আবু বকর সিদ্দিক ও মাওলানা আবদুল্লাহ আল মামুনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। ঝিনাইদহ ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক আব্দুল হামিদ খান জানান, জেলার ৬ উপজেলার ১২ টি দারুল আরকাম মাদ্রাসার ২৪ জন শিক্ষককে প্রত্যেককে ২৫ হাজার করে টাকার চেক দেওয়া হয়। ২০১৭ সালের নভেম্বরে সারাদেশে ১ হাজার ১০ টি মাদ্রাসা প্রতিষ্ঠা করা হয়। এসব প্রতিষ্ঠানে ইসলামিক ফাউন্ডেশনের নিজস্ব সিলেবাস দিয়ে প্রাথমিক শিক্ষাবঞ্চিত শিশুদের তৃতীয় শ্রেণী পর্যন্ত পাঠদান করা হচ্ছে।

সাংবাদিক রোজিনা ইসলামকে হেনস্থা ও গ্রেফতার ঝিনাইদহ প্রেসক্লাবের মানববন্ধন

পেশাগত দ্বায়িত্ব পালনের সময় সাংবাদিক রোজিনা ইসলামকে হেনস্থা ও গ্রেফতারের প্রতিবাদে ঝিনাইদহে তৃতীয় দিনের মতো মানববন্ধন কর্মসূচী পালিত হয়।
বৃহস্পতিবার সকাল ১১ টায় ঝিনাইদহ শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে ঝিনাইদহ প্রেসক্লাব। এতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলায় কর্মরত সাংবাদিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক কর্মীরা অংশ নেয়।
ঝিনাইদহ প্রেসক্লাব আয়োজিত এই কর্মসুচিতে সংহতি প্রকাশ করে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু।
এছাড়া ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান ও সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু বক্তব্য রাখেন। বক্তারা বলেন রোজিনা ইসলামকে হেনস্থার সঙ্গে জড়িতদের বিচার করতে হবে। অনুষ্ঠানে সাংবাদিক গ্রেফতার ও নির্যাতনের প্রতিবাদ জানিয়ে রোজিনার মুক্তি দাবী করেন।

ঝিনাইদহ -হরিণাকুন্ডু সড়কে বাস চাপায় দুই যুবক নিহত

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার চাঁদপুর জামতলা নাম স্থানে যাত্রীবাহি বাসের চাকায় পিষ্ট হয়ে আবু তালেব (৩৫) ও আক্তার হোসেন (৩৬) নামে দুই যুবক নিহত হয়েছে। গতকাল বুধবার রাত ৮টার দিকে এই দুর্ঘটনা ঘটে। আবু তালেব হরিণাকুন্ডু উপজেলার চাঁদপুর গ্রামের আব্দুল গফুর মোল্লার ছেলে। অন্যদিকে আক্তার হোসেন একই উপজেলার হামিরহাটী গ্রামের মনছের আলীর ছেলে।

ঘটনাটির সত্যতা স্বীকার করে হরিণাকুন্ডু থানার ওসি আব্দুর রহিম মোল্লা জানান, হরিণাকুন্ডু ঝিনাইদহ সড়কের জামতলা মিলের কাছে একটি মটরসাইকেলকে ধাক্কা দিয়ে যাত্রীবাহি বাসটি ফুটপাতে উঠে পড়ে। দুর্ঘটনায় প্রথমে মটরসাইকেল আরোহী আক্তার হোসেন ও পরে পাশ দিয়ে হেটে যাওয়া আবু তালেব নিহত হন। লাশ ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালে আছে। এদিকে পাশাপাশি গ্রামের দুই যুবক নিহত হওয়ায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।